

বেসরকারী ভাসিটিতে দরিদ্র শিক্ষার্থীদের সুযোগ দিন ॥ রাষ্ট্রপতি

রাষ্ট্রপতি আবদুল হামিদ দরিদ্র ও পিছিয়ে থাকা পরিবারগুলোর ছেলেমেয়েদের বেসরকারী বিশ্ববিদ্যালয়গুলোতে পড়াশোনার ক্ষেত্রে সহায়তা দিতে বৃত্তিসহ সুযোগ-সুবিধা বাড়ানোর প্রয়োজনীয়তার ওপর গুরুত্বারোপ করেছেন। তিনি আশা প্রকাশ করেছেন যে, শিক্ষার প্রধান কেন্দ্র হয়ে ওঠার জন্য বেসরকারী বিশ্ববিদ্যালয়গুলো দেশ ও জনগণের কাছে দায়বদ্ধ থাকবে।

মঙ্গলবার ঢাকায় বাংলাদেশ ইউনিভার্সিটি অব বিজনেস এন্ড টেকনোলজির (বিইউবিটি) দ্বিতীয় সমাবর্তন অনুষ্ঠানে ভাষণদানকালে রাষ্ট্রপতি বলেন, ব্যয়বহুল উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানে আসন্ন পথে দরিদ্র পরিবারগুলোর সন্তানদের জন্য সুযোগ দিতে বেসরকারী বিশ্ববিদ্যালয়গুলোকে বৃত্তিসহ সুযোগ-সুবিধা বৃদ্ধি করা প্রয়োজন।

রাষ্ট্রপতি বলেন, সরকার দেশে উচ্চ শিক্ষার ক্রমবর্ধমান চাহিদা মেটাতে সরকারী ও বেসরকারী ঋতে বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার সুযোগ বৃদ্ধি করেছে।

তিনি কম টিউশন ফি নিয়ে দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের পড়াশোনার সুযোগ দেয়ার জন্য বিইউবিটি কর্তৃপক্ষকে ধন্যবাদ জানান।

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ, বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান ড. এ কে আজাদ চৌধুরী, বিইউবিটি ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান প্রফেসর ড. শফিক আহমেদ সিদ্দিক এবং বিইউবিটি ভিসি আবু সালেহ সমাবর্তন অনুষ্ঠানে বক্তব্য রাখেন।

অস্ট্রেলিয়ার কার্টন ইউনিভার্সিটির কার্টন গ্রাজুয়েট স্কুল অব বিজনেসের ডিন ড. মিল তারজিওভস্কি সমাবর্তন বক্তৃতা করেন।